# স্নাতক (সাম্মানিক) পরীক্ষা ২০১৫

## সাম্মানিক বাংলা

### সেমেস্টার : ৬ : কোর্স : ৩ (H-15)

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে **একটি** করে প্রশ্নের উত্তর দাও

#### একক - ১

১। 'চোখের বালি' উপন্যাসে আশা-মহেন্দ্রের দাম্পত্যে বিনোদিনীর অনুপ্রবেশের মধ্যে রাজলক্ষ্মীর প্রত্যক্ষ কোনো ভূমিকা নেই — বরং অন্যান্য অনেকগুলি কারণ সক্রিয়। — এই অভিমতটির গ্রহণযোগ্যতা সম্পর্কে তোমার মতামত জানাও। ১০

২। 'বিনোদিনী বাহিরে বিলাসিনী যুবতী বটে, কিন্তু তাহার অন্তরে একটি পূজারতা নারী নিরশনে তপস্যা করিতেছে।' — বিনোদিনী সম্পর্কে বিহারীর এই পর্যবেক্ষণটি উপন্যাসের গতিপ্রকৃতিকে কীভাবে প্রভাবিত করেছে ব্যাখ্যা করো। ১০

৩। 'চোখের বালি' উপন্যাসে চিঠিপত্র অনেক লেখা হয়েছে। উপন্যাসের আঁতের কথার বিশ্লেষণসূত্রে চিঠিপত্রের কার্যকারিতা সম্পর্কে বিশদ আলোচনা করো। ১০

#### একক - ২

৪। 'ত্যাগ' গল্পে প্যারিশংকরের শয়তানিতে কোনো ফাঁক নেই। কিন্তু অন্য এক প্যারিশংকরও মধ্যে মধ্যে উঁকি দিয়েছে— সে উপভোক্তা — হেমন্তের প্রণয় তখন এক কাব্যকথা, পাঠক হিসেবে সে কতকটা তটস্থ। আবার সেই প্রেমকাব্যের কোনো-কোনো অংশের সে-ই লেখক-বিধাতা। — আলোচনা করো। ১০

৫। 'বোবা মেয়ে, বোবা প্রাণিজগৎ, বোবা প্রকৃতি ; এরা বিশাল কিন্তু অসহায় করুণ শান্ত বিষণ্ণ।' — 'সুভা' গল্প অবলম্বনে এই মন্তব্যের তাৎপর্য বুঝিয়ে দাও। ১০

৬। 'শাস্তি' গল্পে কোন্ কোন্ চরিত্রের কীভাবে শাস্তি হয়েছে বুঝিয়ে দাও। ১০

#### একক - ৩

৭। 'ছিন্নপত্রাবলী'র ১৪ নং পত্রে বর্ণিত যাত্রা ও যাত্রাপথের যে বিবরণ পাওয়া যায়, তা রবীন্দ্রনাথের পত্র অনুসরণে আলোচনা করো। ১০

৮। 'ছিন্নপত্রাবলী'র ৫০ নং পত্রে চিত্রিত বৈকালিক ভ্রমণ ও ঝড়-বৃষ্টির যে বিবরণ পাওয়া যায়, তার পরিচয় দাও। ১০

৯। 'ছিন্নপত্রাবলী'র ৮৪ নং পত্রে ভারতীয়দের স্বভাব ও তার থেকে উত্তরণ সম্পর্কে রবীন্দ্রনাথের যে অভিমত প্রকাশিত হয়েছে, তা আলোচনা করো। ১০

১০। সংক্ষেপে আলোচনা করো (যে-কোনো দুটি) : ২×৫=১০

(ক) মহেন্দ্র কর্তৃক বিনোদিনীর ছবি তোলা।

(খ) বিনোদিনী প্রসঙ্গে আগুনের চিত্রকল্প।

(গ) 'বালিকা রতন আর বালিকা রহিল না।'

(ঘ) 'এই সূর্যালোকিত অনাবৃত জগৎদৃশ্যের মধ্যে সেই মেঘাচ্ছন্ন কাহিনীকে আর সত্য বলিয়া মনে হইল না।'

(ঙ) 'ছিন্নপত্রাবলী'র প্রকৃতিচিত্রণ।

(চ) 'ছিন্নপত্রাবলী'র ১০ নং পত্রে পতিসরের চিত্র।